

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

২০শে বৈশাখ, ১৪০৪ বাংলা ।

নং-এস,আর,ও, ১০৫-আইন/৯৭/১৭০৩/শুল্ক.

তারিখ, -----

৩রা এপ্রিল, ১৯৯৭ ইংরেজী ।

Customs Act, 1969 (IV of 1969) এর section 19 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে এবং মূল্য সংযোজন কর আইন ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে জনস্বার্থে, বিদেশে অনুষ্ঠিত কোন স্বীকৃত আন্তর্জাতিক প্রতিযোগিতায়, কৃতিত্ব বা সাফল্যের স্বাক্ষরস্বরূপ কোন বাংলাদেশী নাগরিক বা প্রতিষ্ঠান কর্তৃক প্রাপ্ত পুরস্কার সামগ্রীকে উহাদের উপর আরোপনীয় সমুদয় শুল্ক এবং মূল্য সংযোজন কর হইতে, নিম্নোক্ত শর্তাধীনে, অব্যাহতি প্রদান করিল :

তবে শর্ত থাকে যে, গাড়ী, টেলিভিশন, রেফ্রিজারেটর, এয়ারকন্ডিশনার অথবা সমজাতীয় অন্য কোন স্থায়ী ভোগ্য পণ্য (পড়হুঁসসবৎ ফঁৎধনষবৎ) এর উপর এই প্রজ্ঞাপনের আওতায় প্রদত্ত রেয়াতী সুবিধা প্রযোজ্য হইবে না ।

শর্তাবলী

- (ক) পুরস্কার প্রাপককে পুরস্কার-সামগ্রীর প্রতিটি চালানের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট হইতে পরিশিষ্টে বিধৃত প্রত্যয়নপত্র সংগ্রহ করিয়া সংশ্লিষ্ট শুল্ক স্টেশনে দাখিল করিতে হইবে;
- (খ) জাতীয় রাজস্ব বোর্ডের পূর্বনুমতি ব্যতীত এবং প্রযোজ্য শুল্ক করাদি পরিশোধ ব্যতিরেকে উলিখিত পুরস্কার-সামগ্রী বিক্রয় অথবা হস্তান্তর করা যাইবে না ।

পরিশিষ্ট

[অনুচ্ছেদ (ক) দ্রষ্টব্য]

প্রত্যয়নপত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, নিম্নবর্ণিত পণ্য সামগ্রী
..... ইং তারিখে/ ইং তারিখ হইতে ইং
তারিখ পর্যন্ত সময়কালে দেশের স্থানে অনুষ্ঠিত আন্ত
র্জাতিক প্রতিযোগিতায় কৃতিত্ব/সাফল্যের স্বাক্ষরস্বরূপ নিম্নবর্ণিত বাংলাদেশী নাগরিক/প্রতিষ্ঠান কর্তৃক
পুরস্কার হিসাবে প্রাপ্ত ।

আন্তর্জাতিক প্রতিযোগিতার নাম :

পুরস্কার প্রদানকারী আন্তর্জাতিক সংস্থা/প্রতিষ্ঠানের নামঃ

প্রতিযোগিতার সময়কাল : দেশের নাম :

পুরস্কার প্রাপকের নাম ও ঠিকানা :

আমদানিকারকের নাম ও ঠিকানা :

বিল অব লেডিং/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিপ্ট নং তারিখ :

..... ইনভয়েস নং তারিখ :

পণ্যের বিবরণ : পরিমাণ :

মূল্য :

প্রত্যয়নপত্র প্রদানকারী কর্মকর্তার নাম :

স্বাক্ষর :

পদবী :

মন্ত্রনালয়/বিভাগের নাম :

.....

সীল :

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(শাহ আবদুল হান্নান)

সচিব।